

কেন তোমরা আমায় ডাকো, আমার মন না মানে ।

পাই নে সময় গানে গানে ॥

পথ আমারে শুধায় লোকে, পথ কি আমার পড়ে চোখে,

চলি যে কোন্ দিকের পানে গানে গানে ॥

দাও না ছুটি, ধর ত্রুটি, নিই নে কানে ।

মন ভেসে যায় গানে গানে ।

আজ যে কুসুম-ফোটার বেলা, আকাশে আজ রঙের মেলা,

সকল দিকেই আমায় টানে গানে গানে ॥

---

Parjaay: Puja, Taal: Kaharwa, Raag: Hameer

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail